কালের কণ্ঠ

আপডেট : ৩০ আগস্ট, ২০১৬ ২১:৫৩

# বিনামূল্যে প্রশিক্ষণ, সঙ্গে চাকরি

স্কিল ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রামের আওতায় বিনা মূল্যে প্রশিক্ষণ দেবে বেসরকারি উন্নয়ন সংস্থা টিএমএসএস ও ইউসেপ বাংলাদেশ। ভালো করলে প্রশিক্ষণ শেষে মিলবে চাকরি। বিস্তারিত জানাচ্ছেন এম ফরহাদ



টিএমএসএসের আইটি ও টেকনিক্যাল প্রশিক্ষণ

পিকেএসএফের অর্থায়নে আইটি ও বিভিন্ন টেকনিক্যাল ট্রেডে বিনা মূল্যে প্রশিক্ষণ দেবে বেসরকারি উন্নয়ন সংস্থা টিএমএসএস। ওয়েব ডিজাইন ও গ্রাফিকস ডিজাইন এবং আইটি সাপোর্ট সার্ভিস কোর্সটির মেয়াদ ছয় মাস। যোগ্যতা এইচএসসি বা সমমান অথবা ডিপ্লোমা ইন কম্পিউটার ইঞ্জিনিয়ারিং পাস। আউটসোর্সিং (আইসিটি) কোর্সটির মেয়াদ তিন মাস। এইচএসসি বা সমমান অথবা ডিপ্লোমা ইন কম্পিউটার ইঞ্জিনিয়ারিং পাস হলেই আবেদন করা যাবে। অটোমোবাইল মেকানিকস, ইলেকট্রনিক অ্যান্ড ইলেকট্রিক্যাল ওয়ার্ক, প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিং এবং ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন কোর্সের মেয়াদ ছয় মাস। রড বাইন্ডিং/স্ট্রিট ফিকচার, স্মল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেটাল ওয়ার্ক কোর্সের মেয়াদ তিন মাস। পঞ্চম শ্রেণি পাস হলেই আবেদন করা যাবে এসব কোর্সে। ২০১৭ সাল পর্যন্ত ১২৭৫ জনকে প্রশিক্ষণ দেওয়া হবে। এর মধ্যে ৫২৫ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

আবেদন ও বাছাই প্রক্রিয়া

টিএমএসএসের সমন্বয়কারী (আইটি) বাবলু সরোয়ার জানান, নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। সব ট্রেডের ক্ষেত্রে বয়স হতে হবে ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে। ফরম সংগ্রহ করা যাবে টিএমএসএসের অফিস ও নির্ধারিত প্রশিক্ষণকেন্দ্র থেকে। প্রার্থী বাছাইয়ের সময় শিক্ষাগত যোগ্যতা ও দক্ষতা, কাজ করার মানসিকতা, শারীরিক যোগ্যতা, কাজ শেখার আগ্রহ, সাধারণ জ্ঞানের পরিধি ইত্যাদি বিষয় বিবেচনায় নেওয়া হবে। সব ট্রেডের জন্য লিখিত, মৌখিক এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় অংশ নিতে হবে। আইটিবিষয়ক কোর্সে ইংরেজিতে দক্ষতা থাকতে হবে। দুই পদ্ধতিতে প্রশিক্ষণ দেওয়া হবে হাতে-কলমে। তাত্ত্বিক ২০ শংতাশ এবং ব্যবহারিক ক্লাস হবে ৮০ শতাংশ।

মিলবে চাকরি

কোনো ফি গুনতে হবে না। তবে আবাসন ফি হিসেবে তিন মাসের কোর্সে ২১০০ টাকা এবং ছয় মাসের কোর্সে ৪২০০ টাকা জমা দিতে হবে। প্রশিক্ষণ শেষে কাজের মূল্যায়ন করে দেওয়া হবে প্রশিক্ষণ সনদ। ভালো করতে পারলেই মিলবে চাকরি। কোর্স শেষে টিএমএসএসের জব প্লেসমেন্ট সেন্টারের মাধ্যমে ৭০ শতাংশ প্রশিক্ষণার্থীকে সংশ্লিষ্ট ক্ষেত্রে চাকরি পাওয়ার বিষয়ে সহায়তা করা হবে। উদ্যোক্তা হতে চাইলে পাবেন ঋণ সুবিধা।

ভর্তি তথ্য

বিভিন্ন সময় পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে প্রার্থী খোঁজা হবে। অনলাইনে আবেদন করতে www.tti-bd.info, www.tmss-bd.org ওয়েবসাইটে। যেকোনো তথ্যের জন্য টিএমএসএস ভবন, ৬৩১/৫ পশ্চিম কাজীপাড়া, মিরপুর-১০, ঢাকা ঠিকানায় যোগাযোগ করা যাবে।

যোগাযোগ

ওয়েব ডিজাইন ও গ্রাফিকস ডিজাইন কোর্সটি করা যাবে টিএমএসএসের ঢাকা মোবাইল (০১৭২২৩৭৮০১০) ও বগুড়া (০১৭২২৬৮৮৪৬৪) কেন্দ্র থেকে।

আইটি সাপোর্ট সার্ভিস কোর্সটি করা যাবে বগুড়া কেন্দ্রে (০১৭১০৮৪৬৩৮২)।

আউটসোর্সিং (আইসিটি) কোর্সটি করা যাবে খুলনা (০১৭২০১১৭৩৫৫), চট্টগ্রাম (০১৭৩১৯০০৩৭০), বগুড়া (০১৭১৯০২৬৯৩৫) এবং রংপুরের (০১৭১৭৯৬৪৬৫৪) টিএমএসএস প্রশিক্ষণকেন্দ্র থেকে।

কারিগরি বিষয়ে প্রশিক্ষণ দেবে ইউসেপ বাংলাদেশ

স্কিল ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রামের টেকনিক্যাল বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেবে ইউসেপ বাংলাদেশ। অর্থায়ন করবে বাংলাদেশ ব্যাংক। কোয়ালিটি কন্ট্রোল ম্যানেজমেন্ট ইন আরএমজি কোর্সে ভর্তির যোগ্যতা এসএসসি, লেদ মেশিন অপারেটর যোগ্যতা পঞ্চম শ্রেণি, ড্রেস মেকিং অ্যান্ড টেইলারিং ইন্ডাস্ট্রিয়াল ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স কোর্সের যোগ্যতা অষ্টম শ্রেণি পাস। ইউসেপ, মিরপুর টেকনিক্যাল স্কুলে এসব

বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। ইউসেপ, মহসিন খুলনা টেকনিক্যাল স্কুলে ড্রেস মেকিং অ্যান্ড টেইলারিং, কোয়ালিটি কন্ট্রোল ম্যানেজমেন্ট ইন আরএমজি ও ইন্ডাস্ট্রিয়াল ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। ইউসেপ, সিলেট টেকনিক্যাল স্কুলে দেওয়া হবে ইন্ডাস্ট্রিয়াল ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স বিষয়ে প্রশিক্ষণ। ড্রেস মেকিং অ্যান্ড টেইলারিং ও ইন্ডাস্ট্রিয়াল ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স শেখানো হবে ইউসেপ, রংপুর টেকনিক্যাল স্কুলে। চট্টগ্রামের ইউসেপ, আমবাগান টেকনিক্যাল স্কুলে ড্রেস মেকিং অ্যান্ড টেইলারিং ও কোয়ালিটি কন্ট্রোল ম্যানেজমেন্ট ইন আরএমজি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। চট্টগ্রামের এ. কে. খান ইউসেপ কালুরঘাট টেকনিক্যাল স্কুলে ইন্ডাস্ট্রিয়াল ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। কোয়ালিটি কন্ট্রোল ম্যানেজমেন্ট ইন আরএমজি, লেদ মেশিন অপারেটর ও ইন্ডাস্ট্রিয়াল ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে ইউসেপ, রাজশাহী টেকনিক্যাল স্কুলে।

আবেদন ও বাছাই প্রক্রিয়া

লিফলেট, পোস্টারিং, ব্যানার, মাইকিং, রোড শো, সভা-সেমিনার ও বিভিন্ন সময় পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে প্রার্থী খোঁজা হবে। তাই নিয়মিত চোখ রাখতে হবে পত্রিকায়। যোগাযোগ করা যাবে ইউসেপের প্রধান কার্যালয়ে। তথ্যের জন্য ওয়েবসাইটেও (www.ucepbd.org) চোখ রাখতে পারেন।

ইউসেপের ডেপুটি প্রোগ্রাম অফিসার আনোয়ারুল ইসলাম জানান, নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। সব ট্রেডের ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৪৫ বছর। ফরম সংগ্রহ করা যাবে ইউসেপের অফিস থেকে এবং নির্ধারিত প্রশিক্ষণকেন্দ্র থেকে। সব কোর্সের মেয়াদ তিন মাস করে।

মিলবে চাকরি ও আবাসন

অগ্রাধিকার পাবে নারী ও প্রতিবন্ধী প্রার্থী। প্রশিক্ষণকেন্দ্রে যাতায়াতের জন্য পরিবহন সুবিধা দেবে কর্তৃপক্ষ। প্রশিক্ষণের জন্য কোনো ফি গুনতে হবে না। প্রশিক্ষণ শেষে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে ৯১০০/- ভাতা দেওয়া হবে। প্রশিক্ষণ শেষে কাজের মূল্যায়ন করে দেওয়া হবে প্রশিক্ষণ সনদ। ভালো করতে পারলেই মিলবে চাকরি।

যোগাযোগ

♦ ইউসেপ, মিরপুর টেকনিক্যাল স্কুল

প্লট ২-৩, মিরপুর-২, ঢাকা-১২১৬।

মোবাইল : ০১৮৪৭১৮৮৯০১

♦ ইউসেপ, মহসিন খুলনা টেকনিক্যাল স্কুল

৭ জংশন রোড, বৈকালি, বয়রা, খুলনা।

মোবাইল : ০১৮৪৭১৮৮৯১০

♦ ইউসেপ, হাফিজ মজুমদার সিলেট টেকনিক্যাল স্কুল,

বটেশ্বর, খাদিমনগর, সিলেট।

মোবাইল : ০১৮৪৭১৮৮৯০৮

♦ ইউসেপ, রংপুর টেকনিক্যাল স্কুল

তালুকধর্মদাস, রংপুর।

মোবাইল : ০১৮৪৭১৮৮৯০৭

♦ ইউসেপ, আমবাগান টেকনিক্যাল স্কুল

ফ্লোরাপাস রোড, আমবাগান, চট্টগ্রাম

মোবাইল : ০১৮৪৭১৮৮৯০৪

♦ এ. কে. খান ইউসেপ, কালুরঘাট টেকনিক্যাল স্কুল

ওয়াসা রোড, মোহরা, কালুরঘাট, চট্টগ্রাম।

মোবাইল : ০১৮৪৭১৮৮৯০৫

♦ ইউসেপ, রাজশাহী টেকনিক্যাল স্কুল

সন্তোষপুর, পবা, রাজশাহী।

মোবাইল : ০১৮৪৭১৮৮৯০৬

---

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,
উপদেষ্টা সম্পাদক : অমিত হাবিব,
ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।
বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com